দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র

তারিখ 09 JUL 1989
পৃষ্ঠা 3 কলাম 1

122

025

## কলেজে ছাত্র-ছাত্রী ভর্তিতে অনিয়মের অভিযোগ

যশোর : (নিজস্ব প্রতিনিধি)— যশোর শিক্ষা বোর্ডের আওতাধীন বিভিন্ন বেসরকারী কলেজে ছাত্র-ছাত্রী ভর্তির ক্ষেত্রে অনিয়ম চলিতেছে বলিয়া অভিযোগ পাওয়া গিয়াছে। উল্লেখ্য, একই ছাত্র-ছাত্রীর একাধিক কলেজে ভর্তির প্রবণতা রোধকল্পে সরকার ভর্তির সময় সকল শিক্ষার্থীর মূল মার্কশিট সংশ্লিষ্ট কলেজে জমা দেওয়ার প্রথা চালু করিয়াছেন।

( ৪র্থ পৃঃ দ্রঃ )

## কলেজে ছাত্রছাত্রী ভর্তিতে

( ৩য় পৃঃ পর )

কিন্তু চলতি শিক্ষা বর্ষে ঝালকাঠি জেলার নলছিটি কলেজে ৫২ জন ছাত্র-ছাত্রীকে এস এস সি পাসের মূল মার্কশিট ছাড়াই ভর্তি করা হয়। তদন্ত অনুষ্ঠানের পর অভিযোগ প্রমাণিত হওয়ায় বোর্ড শাস্তিমূলক ব্যবস্থা হিসাবে উক্ত কলেজের সকল শিক্ষক-কর্মচারীর বেতন ভাতা কেন বন্ধ করা হইবে না সেই সম্পর্কে কারণ দর্শাইবার নোটিস দিয়াছেন। একই অভিযোগে বাগেরহাট জেলার শরণখোলা কলেজের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হইতেছে বলিয়া কর্তৃপক্ষীয় সূত্রে জানা গিয়াছে। ইহাছাড়া যশোর শহরের পার্শ্ববর্তী একটি কলেজেও ছাত্র ছাত্রী ভর্তিতে অনিয়ম এ[illegible] ভুয়া নিবন্ধীকরণের অভি[illegible] সম্পর্কে তদন্ত চলিতেছে।